



cĭZgŠxi
grm` I cĕYmꣳú` gŠYij q
MYcRvZŠxi evsj vř` k mi Kvi
evsj vř` k mĭPevj q, XvKv

14 kĕY 1422
29 Rj vB 2015

বাণী

মৎস্য সম্পদ উন্নয়নের বিপুল সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের অর্থনৈতিক বুনয়াদ আরও মজবুত ও স্বনির্ভর করার লক্ষ্যে অন্যান্য বছরের ন্যায় এ বছরও ২৮ জুলাই থেকে ৩ আগস্ট চহঈ 'সাগর নদী সকল জলে, মাছ চাষে সোনা ফলে' †K cĭZcĭ` K†i দেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৫ উদযাপিত হচ্ছে।

জনগণের প্রাণিজ আমিষ জাতীয় খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণ, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টিতে সারাদেশে প্রশিক্ষণ প্রদান পূর্বক দক্ষ মৎস্য চাষি সৃষ্টি করার মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে মৎস্য সেক্টর কাজ করে যাচ্ছে। তাছাড়া মৎস্য ও মৎস্যজাত পণ্যের মাননিয়ন্ত্রণ, মৎস্যখাতে আইসিটি'র ব্যবহার সম্প্রসারণ, সামুদ্রিক মৎস্যসম্পদের সার্ভেল্যান্স সংখ্যা বৃদ্ধিকরণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর বর্তমান সরকারের উন্নয়ন প্রচেষ্টা 'ভিশন-২০২১, বাংলাদেশঃ সমৃদ্ধ আগামী' —এর লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

মৎস্য সেক্টর সংশ্লিষ্ট জনগোষ্ঠীর মধ্যে প্রায় ৮ শতাংশ নারী। বর্তমানে মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানাসমূহে নিয়োজিত শ্রমিকের শতকরা প্রায় ৮০ ভাগই নারী। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে নারীর ক্ষমতায়নে মৎস্য সেক্টর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

বর্তমান সরকারের আমলে দীর্ঘ আইনি প্রক্রিয়ার মাধ্যমে ভারত ও মায়ানমারের সাথে সমুদ্রসীমা বিরোধের শান্তিপূর্ণ নিষ্পত্তি সম্ভব হয়েছে। সমুদ্র বিজয়ের এ সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে আমাদের সম্ভাবনাময় সামুদ্রিক সম্পদের টেকসই আহরণ ও ব্যবস্থাপনার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

সম্ভাবনাময় মৎস্য খাতের কাঙ্ক্ষিত উন্নয়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানাই।

আমি মৎস্য সপ্তাহ ২০১৫ এর সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

নারায়ণ চন্দ্র চন্দ্র এম.পি